# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


**নির্বাহী প্রকৌশলীর দপ্তর**
সাতক্ষীরা পানি উন্নয়ন বিভাগ-২
বাপাউবো, সাতক্ষীরা।
ফোন: অফিস- ০২৪৭-৭৭৪০১৩৭
E-mail: xen.satkhira2@gmail.com

**Office of the Executive Engineer**
Satkhira WD Division-2
BWDB, Satkhira
Phone: Office- 0247-7740137
E-mail: xen.satkhira2@gmail.com


স্মারক নং-৯সি-১/১১৮৯ তারিখ : ০৯-০৭-২০২৬ খ্রি.

## সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা পানি উন্নয়ন বিভাগ-২, বাপাউবো, সাতক্ষীরা দপ্তরের অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্ত ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.৩১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪, তারিখ : ২০-০৭-২০২০ খ্রি. মোতাবেক নির্ধারিত আবেদন (ডকুমেন্ট) ফরম এর মূল্য ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা এর অনুকূলে জমা প্রদান পূর্বক অত্র দপ্তরের উচ্চমান সহকারীর নিকট হতে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ছাড়া প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১১-০৮-২০২৬ খ্রি. বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত অত্র দপ্তরের যোগাযোগ শাখায় জমা প্রদান করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয় ও নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির আবেদনের তফসীল:**

| ক্রমিক নং | কাজের ধরণ | আবেদনের সময়সীমা |
|---|---|---|
| ১। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (কার্য) | ১২-০৭-২০২৬ খ্রি. হতে ১১-০৮-২০২৬ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত)। |
| ২। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (পণ্য) | |

**তালিকাভুক্তির প্রয়োজনীয় নির্দেশনাবলী:**

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | ১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ৩) হালনাগাদ ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (কার্য-২৫.০০ লক্ষ টাকা এবং পণ্য সরবরাহের জন্য-৫.০০ লক্ষ টাকা); ৪) জাতীয় পরিচয়পত্র, ৫) পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি, ৬) অথোরাইজেশন লেটার ও ডকুমেন্টে বর্ণিত শর্তাবলী। |
| আবেদন ফি | ৫০০/- (পাঁচ শত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা এর অনুকূলে। |
| তালিকাভুক্তিকরণ ফি | ৫০০০/- (পাঁচ হাজার) টাকা তবে একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে তালিকাভুক্ত ফি ৩০০০/- (তিন হাজার) টাকা অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা এর অনুকূলে এবং উভয় ক্ষেত্রে ১৫% ভ্যাট বাবদ যথাক্রমে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা ও ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে। |

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি নবায়নের তফসীল:**

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | ১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ৩) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি। |
| নবায়নের ফি | ২০০০/- (দুই হাজার) টাকা তবে একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে নবায়ন ফি ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা এর অনুকূলে এবং উভয় ক্ষেত্রে ১৫% ভ্যাট বাবদ যথাক্রমে ৩০০/- (তিনশত) টাকা ও ২২৫/- (দুইশত পঁচিশ) টাকা চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে। |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই-বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতীরেকে আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতাবান।

০৯-০৭-২০২৬

**(আব্দুর রহমান তাযকিয়া)**
নির্বাহী প্রকৌশলী (পুর)
সাতক্ষীরা পানি উন্নয়ন বিভাগ-২
বাপাউবো, সাতক্ষীরা।

স্মারক নং-৯সি-১/১১৮৯(২০) তারিখ : ০৯-০৭-২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, খুলনা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহল প্রচারিত জাতীয় বাংলা ও ইংরেজি পত্রিকাসমুহের মধ্যে যে কোন ০২ (দুই) টি পত্রিকায় যথাক্রমে ০১ (এক) টি বাংলা ও ০১ টি ইংরেজি পত্রিকায় এবং স্থানীয় ০১ (এক) টি সংবাদপত্রে ০১ (এক) দিন প্রকাশ করার কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য এবং বিজ্ঞপ্তি প্রকাশিত পত্রিকাসমুহের ০১ (এক) কপি অত্র দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
৬। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পানি উন্নয়ন বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা।
৭। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯-১১। উপ-বিভাগীয় প্রকৌশলী, সাতক্ষীরা পানি উন্নয়ন উপ-বিভাগ-২/আশাশুনি পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, সাতক্ষীরা।
১২-১৪। প্রাক্কলনিক/উচ্চমান সহকারী/উর্দ্ধতন হিসাব সহকারী, অত্র দপ্তর।
১৫। জনাব ------------------------------------------------------------------------ ।
১৬। নোটিশ বোর্ড।

০৯-৭-২৬

নির্বাহী প্রকৌশলী
সাতক্ষীরা পানি উন্নয়ন বিভাগ-২
বাপাউবো, সাতক্ষীরা।